

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, নভেম্বর ৫, ২০১৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
[মূল্য সংযোজন কর]
বিশেষ আদেশ

তারিখ: ১৮ কার্তিক, ১৪২২ বঙ্গাব্দ/ ০২ নভেম্বর, ২০১৫ খ্রিস্টাব্দ

বিষয় : কাঁচা পাট ক্রয়ের বিপরীতে উৎসে মূল্য সংযোজন কর হিসাবে যশোর জুট ইন্ডাস্ট্রিজ লিঃ এর নিকট দাবিকৃত টাকা ২,৬৪,১৯,৯০০.৬০ (দুই কোটি চৌষট্টি লক্ষ উনিশ হাজার নয়শত দশমিক ছয় শূন্য) টাকা এবং কার্পেটিং জুট মিলস লিঃ এর নিকট দাবিকৃত টাকা ৬৩,৯১,১৫০.০০ (তেষট্টি লক্ষ একানব্বই হাজার একশত পঞ্চাশ) টাকা পরিশোধের দায় হইতে উক্ত দুটি প্রতিষ্ঠানকে অব্যাহতি প্রদান।

নং ১৩/মূসক/২০১৫—যেহেতু “কাঁচা পাট” মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর প্রথম তফসিলভুক্ত পণ্য এবং যেহেতু প্রজ্ঞাপন এস. আর. ও নং ১৬৮-আইন/২০১৩-৬৭২-মূসক, তারিখঃ ০৬ জুন, ২০১৩ খ্রিঃ এর মাধ্যমে মূসক ব্যবস্থায় ‘যোগানদার’ সেবা সংজ্ঞা পরিবর্তনপূর্বক ‘শুধুমাত্র করযোগ্য পণ্য ও সেবা সরবরাহকে’ যোগানদার সেবার অন্তর্ভুক্ত করা হইয়াছে;

সেহেতু, জাতীয় রাজস্ব বোর্ড, মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪ এর উপধারা (২) এ প্রদত্ত ক্ষমতাবলে, কাঁচা পাট ক্রয়ের বিপরীতে উৎসে মূল্য সংযোজন কর হিসাবে যশোর জুট ইন্ডাস্ট্রিজ লিঃ এর নিকট দাবিকৃত টাকা ২,৬৪,১৯,৯০০.৬০ (দুই কোটি চৌষট্টি লক্ষ উনিশ হাজার নয়শত দশমিক ছয় শূন্য) টাকা এবং কার্পেটিং জুট মিলস লিঃ এর নিকট দাবিকৃত টাকা ৬৩,৯১,১৫০.০০ (তেষট্টি লক্ষ একানব্বই হাজার একশত পঞ্চাশ) টাকা পরিশোধের দায় হইতে উক্ত দুটি প্রতিষ্ঠানকে অব্যাহতি প্রদান করিল।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

মোঃ নজিবুর রহমান
চেয়ারম্যান।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক (দায়িত্বপ্রাপ্ত), বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

ড. মহিউদ্দীন আহমেদ (উপসচিব), উপপরিচালকের দায়িত্বে, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd

(৮৬৮৩)

মূল্য : টাকা ৪.০০